

2 0 1 7

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×৭=৭

(ক) কালকেতু দেবী চণ্ডীর কাছ থেকে কত ঘড়া ধন লাভ করেছিলেন ?

(খ) “শয়ন কুৎসিত বীরের ভোজন _____।”
(শূন্যস্থান পূর্ণ করো)

(গ) “দেবকার বিশ্বকর্মা তার পুত্র দারুবর্মা
শিরে ধরে চণ্ডিকার পান।
সঙ্গে বন্ধু জ্ঞাতি নাতি উজ্জাগর করি রাতি
নানা চিত্র করএ নির্মাণ ॥”

পদ্যাংশটি কোন্ পর্ব থেকে নেওয়া হয়েছে ?

(১) হাটপস্তন

(২) কালকেতুর গৃহ নির্মাণ

(৩) শুজ্জরাট নগর নির্মাণ

(৪) বিশ্বকর্মার প্রাসাদ নির্মাণ

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

- (ঘ) “মাতঙ্গ পড়িলে দরে ।” ‘দরে’ শব্দের অর্থ কী ?
- (ঙ) কাশীতে অন্নপূর্ণাপুরী নির্মাণের জন্য কে বিশ্বকর্মাণকে আদেশ করেছিলেন ?
- (চ) “একের কপালে রহে আরের কপাল দহে
আগুনের কপালে আগুন ।”
কার উক্তি ?
- (ছ) “আর দিন তাহে হাসেন গোসাই ।
ও দিন ওদন বিনা ভাল লাগে নাই ॥”
‘ওদন’ কাকে বলে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) কে, কার স্বপ্নে ছাগমুণ্ড কেটে লাগিয়ে দিয়েছেন ?
- (খ) “তোমর গুণধর যত কারিকর
হইবে দুঃখীর বেগার ।”
কে, কাকে একথা বলেছেন ?
- (গ) “নেউগী চৌধুরী নই না করি তালুক ।”
বক্তা কে ? ‘কবিকঙ্কণ চণ্ডী’র কোন্ অংশে এই উক্তিটি আছে ?
- (ঘ) “আমার বচন শুন খুড়ারে ডাকিয়া আন
মনে কিছু না করহ শঙ্কা ।”
কে, কাকে ‘খুড়া’ বলেছেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

(ক) কলিঙ্গরাজের সেনার সঙ্গে কালকেতুর যুদ্ধ-বিবরণ সংক্ষেপে লেখো।

(খ) কালকেতুর অঙ্গুরী বিক্রয় বৃত্তান্তটির বিবরণ দাও।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“বিষকণ্ঠ মোর স্বামী সহিতে না পারি আমি
পঞ্চমুখে মোরে দেয় গালি।
একে সতীনের ছালা কত সহে অবলা
পরিতাপে হয়্যা গেনু কালী ॥”

(চণ্ডীর পরিচয় দান)

(ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“ধড়ে মুণ্ড নাই দক্ষ দেখিতে না পায়।
উঠে পড়ে ফিরে ঘুরে কবছোর প্রায় ॥”

(ঙ) কাশীতে শিব কেন ব্যাসদেবের ভিক্ষা বারণ করেছিলেন তা লেখো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) তোমার পঠিত অংশ অবলম্বনে ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যে কালকেতু-ফুল্লরার বিবাহকে কেন্দ্র করে যে সমাজচিত্র ফুটে উঠেছে তার বিবরণ দাও।

- (খ) 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্যের অন্তর্গত কালকেতু-স্বর্ণগোধিকা
বৃত্তান্তটির বিবরণ দাও ।
- (গ) তোমার পঠিত অংশ অবলম্বনে 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্যের
ভাঁড়ুদত্ত চরিত্রটি বিশ্লেষণ করো ।

খ—গুচ্ছ

- (ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যে হাস্যরস সৃষ্টিতে রায়গুণাকর
ভারতচন্দ্রের কৃতিত্ব বিচার করো ।
- (ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যের ব্যাসদেব চরিত্রটি বিশ্লেষণ করো ।
- (চ) কী কী কারণে ভারতচন্দ্র 'যুগসন্ধির কবি' হয়ে উঠেছেন
তা তোমার পঠিত 'অন্নদামঙ্গল' কাব্য থেকে দৃষ্টান্ত দিয়ে
বোঝাও ।
